ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১০৮ ● কলকাতা ● ০৮ বৈশাখ, ১৪৩২ ● মঙ্গলবার ● ২২ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## শালবনির তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে ১৫ হাজারের কর্মসংস্থান হবে জানালেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:-** সোমবার শালবনি থেকে তাপবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শিলান্যাস করে এই তাপবিদ্যুৎ কেন্দ্রকে 'ঐতিহাসিক প্রকল্প' বলে উল্লেখ করলেন তিনি। মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বলেন, 'শালবনির তাপবিদ্যুৎকেন্দ্রে এ রাজ্যের ২৩ জেলাই উপকৃত হবে। ১৫ হাজার জনের কর্মসংস্থান হবে। ১৬০০ কোটি টাকা খরচ হবে। ৮০০ মেগাওয়াটের দুটি ইউনিট হবে'।

রাজ্যে লোডশেডিংয়ের সমস্যা নিয়েও এদিন মুখ খোলেন মুখ্যমন্ত্রী। টেনে আনেন সিপিএম জমানার কথা। বলেন, 'এখন ২৪ ঘণ্টাই বিদ্যুৎ সরবরাহ করা হয়। আরও দুটো তাপবিদ্যুৎকেন্দ্র হবে। ফলে লোডশেডিংয়ের সমস্যা আর একদমই থাকবে না। আগামীকাল সোলার প্ল্যান্টের উদ্বোধন করব। মমতা এর আগেই জানিয়েছিলেন, ২১ এপ্রিল শালবনিতে তাপবিদ্যুৎকেন্দ্রের শিলান্যাস

এরপর ৩ পাতায়

## ইকো পার্কে দাঁড়িয়ে সিপিএমকে তীব্র আক্রমণ করলেন বিজেপি প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ




**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

বাংলায় সিপিএমকে স্যালাইন দিয়ে বাঁচিয়ে রেখেছে তৃণমূল,দাবি পদ্ম নেতার।

সোমবার সকালে ইকো পার্কে প্রাতঃভ্রমণে বেরিয়েছিলেন মেদিনীপুরের প্রাক্তন সাংসদ। তখনই বামেদের ব্রিগেড প্রসঙ্গে মুখ খোলেন তিনি। দাবি করেন, 'সিপিআইএমের পার্টি অফিস চালানোর পয়সাও দেয় তৃণমূল! ওদের চা খাওয়ার

এরপর ৩ পৃষ্ঠায়




# বোলপুরে এক্সক্লুসিভ স্টোর চালু করার মাধ্যমে এসুস তাদের প্যান ইন্ডিয়া রিটেল স্ট্রাটেজিকে শক্তিশালী করেছে

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**বোলপুর, এপ্রিল ২০২৫:** দেশজুড়ে ব্র্যান্ডের রিটেল বিক্রয়কে আরও শক্তিশালী করার পদক্ষেপ হিসেবে, তাইওয়ানের টেক জায়ান্ট এসুস ইন্ডিয়া আজ বোলপুরে একটি এক্সক্লুসিভ স্টোর চালু করার ঘোষণা করেছে। নতুন এক্সক্লুসিভ স্টোরটি ২৭৫ বর্গফুট জায়গা জুড়ে বিস্তৃত এবং এতে বিস্তৃত রেঞ্জ ইলেকট্রনিক্স এবং কম্পিউটার হার্ডওয়্যার থাকবে, যার মধ্যে রয়েছে এসুস ফ্ল্যাগশিপ প্রোডাক্টস যেমন ভিভোবুক, জেনবুক, রিপাবলিক অফ গেমার্স (ROG) ল্যাপটপ, গেমিং ডেস্কটপ, অল-ইন-ওয়ান ডেস্কটপ এবং একসেসোরিজ। বোলপুরে অবস্থিত এই ব্র্যান্ডের প্রথম স্টোরটি পশ্চিমবঙ্গে মোট ১৩টি এইএস স্টোরে পরিণত হয়েছে।

এই সম্প্রসারণ সম্পর্কে বলতে গিয়ে, এসুস ইন্ডিয়ার পিসি ও গেমিং বিজনেসের ন্যাশনাল সেলস ম্যানেজার, জিগনেশ ভাবসার বলেন, "ভারতে আমাদের খুচরা ব্যবসা সম্প্রসারণের ঘোষণা করতে পেরে আমরা আনন্দিত। পশ্চিমবঙ্গ আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ বাজার হওয়ায়, প্রতিশ্রুতিশীল শহর বোলপুরে নতুন ব্র্যান্ড স্টোরের উদ্বোধন দেশের বিভিন্ন অঞ্চলের গ্রাহকদের ক্ষমতায়নের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আমাদের সর্বশেষ উদ্ভাবনের অনন্য অভিজ্ঞতা প্রদান করবে। একটি স্ট্রাটেজিক্যাল রিটেল এক্সপানশন পদ্ধতির মাধ্যমে, আমরা আমাদের ইউসারদের জন্য আরও বেশি মিথস্ক্রিয়া এবং নতুন স্পর্শবিন্দু তৈরি করতে থাকব।"

রিটেল দোকানের ঠিকানা: এসুস এক্সক্লুসিভ স্টোর-ডোর কম্পিউটেক প্রাইভেট লিমিটেড, শান্তিনিকেতন রোড, পিও - বোলপুর , জেলা-বীরভূম, হিমালয় অপটিক্যালের পাশে, বাজার কলকাতার কাছে, পিন : 731204।

## জেনারেটর সারাইয়ের নাম করে বিক্রি করে দেয়ার অভিযোগে পূর্ব মেদিনীপুর থেকে গ্রেফতার এক

বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি

হরিপাল থানার চকচন্ডিনগর এলাকার বাসিন্দা চন্দ্রশেখর বাগ গত জুলাই ২০২৪ সালে হরিপাল থানায় অভিযোগ করেন যে তারকেশ্বর থানার দত্তপুর এলাকার বাসিন্দা প্রসেনজিৎ মাঝি নামে এক ব্যক্তিকে তার একটি জেনারেটর মেরামত ও মোডিফাই করতে দেন। কিন্তু প্রসেনজিৎ মাঝি সেই জেনারেটরটি না ফিরিয়ে দিয়ে বিক্রি করে দেন বলে তিনি অভিযোগে জানান। এরপর বেশকিছু দিন খোঁজাখুঁজি করার পর হরিপাল থানার ওসি নজরুল ইসলাম ও থানার এএসআই সহদেব বাগের তৎপরতায় গতকাল পূর্বমেদিনীপুর জেলার রামনগর থানার গোবরা এলাকা থেকে প্রসেনজিৎ মাঝিকে গ্রেপ্তার করে নিয়ে আসা হয় , আজ তাকে আদালতে পেশ করা হয়। হরিপাল থানা সূত্রে জানা গেছে আগেও একাধিক জেনারেটর সারানোর নাম করে বিক্রি করে দেওয়ার অভিযোগ রয়েছে প্রসেনজিৎ মাঝির বিরুদ্ধে।

# বিজেপির ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার নবনির্বাচিত জেলা সভাপতিকে সংবর্ধনা প্রদান

অরূপ ঘোষ,ঝাড়গ্রাম

বিজেপির ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার সভাপতি হিসেবে পুনরায় নির্বাচিত হয়েছেন তুফান মাহাতো। তাই ঝাড়গ্রাম শহরের রঘুনাথপুর এলাকায় দলের জেলা কার্যালয়ে নবনির্বাচিত দলের জেলা সভাপতি তুফান মাহাতোকে সংবর্ধনা জানায় দলের নেতা ও কর্মীরা। রামচন্দ্রের ছবি সহ ফুলের তোড়া ও উত্তরীয় দিয়ে তাকে সংবর্ধনা জানায় বিজেপির ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার সাতটি বিধানসভা এলাকার ও ঝাড়গ্রাম পৌরসভা এলাকার নেতৃত্ব ও কর্মীরা। সোমবার দলীয় কার্যালয়ে সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝাড়গ্রাম জেলা বিজেপির নবনির্বাচিত জেলা সভাপতি তুফান মাহাতো, বিজেপির ঝাড়গ্রাম জেলার মিড়িয়া ইনচার্জ প্রশান্ত মজুমদার, ঝাড়গ্রাম জেলা বিজেপির দলীয় কার্যালয়ের অফিস সেক্রেটারি ঝন্টু সিংহ সহ অন্যান্য নেতৃবৃন্দ। বিজেপির ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার অন্তর্গত ঝাড়গ্রাম, গোপীবল্লভপুর,নয়াগ্রাম, বিনপুর,পুরুলিয়ার বান্দোয়ান এবং পশ্চিম মেদিনীপুর জেলার গড়বেতা ও শালবনি বিধানসভা থেকে দলীয় নেতৃত্বরা নবনির্বাচিত জেলা সভাপতি কে সংবর্ধনা জানায়। বিজেপির ঝাড়গ্রাম সাংগঠনিক জেলার নব নির্বাচিত সভাপতি তুফান মাহাতো বলেন ২০২১ সালে প্রথম দলের জেলা সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করি। পুনরায় দল দ্বিতীয়বারের জন্য আমাকে দলের জেলা সভাপতি মনোনীত করায় আমি দলের নেতৃত্বদের যথাযোগ্য সম্মান জানায়। দলের নেতৃত্ব আমার উপর যে আস্থা রেখেছে তার জন্য তিনি দলকে শক্তিশালী করে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং চাকরি চোর দুর্নীতিগ্রস্ত তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দলের নেতা ও কর্মীদের নিয়ে ঐক্যবদ্ধভাবে আন্দোলন সংঘর্ষ করবেন। পুনরায় ঝাড়গ্রাম জেলা বিজেপির সভাপতি তুফান মাহাতোর নাম ঘোষণা হতে খুশি তার অনুগামী থেকে শুরু করে দলীয় নেতৃত্বরা।







(১ম পাতার পর)

# শালবনির তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে ১৫ হাজারের কর্মসংস্থান হবে জানালেন মমতা

করবেন তিনি। আজকের এই অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছাড়া উপস্থিত ছিলেন বিশেষ ক্রিকেটার সৌরভ গাঙ্গুলী, রাজ্যের মুখ্যসচিব। সাগরদিঘিতেও কাজ চলছে, সেখানে প্রায় ৬৬০ মেগাওয়াট তৈরি হবে, কাজ সম্পূর্ণ হওয়ার পথে। দুর্গাপুরে ৬৬০ মেগাওয়াটের পাওয়ার প্ল্যান্ট তৈরি হচ্ছে।বক্রেশ্বরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরি হচ্ছে।২২ এপ্রিল, গোয়ালতোড়ে সোলার পাওয়ার প্ল্যান্টের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। ওই প্রকল্পে জার্মান সংস্থা ৮০ শতাংশ খরচ দিচ্ছে, ২০ শতাংশ দিচ্ছে রাজ্য সরকার।

(১ম পাতার পর)

# ইকো পার্কে দাঁড়িয়ে সিপিএমকে তীব্র আক্রমণ করলেন বিজেপি প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ

পয়সাটাও তৃণমূল কংগ্রেসই দেয়।এখানেই না থেমে দিলীপ আরও বলেন, এভাবে স্যালাইন দিয়ে সিপিএমকে বাঁচিয়ে রেখেছে।আগামী ২০ মে ভারত জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে বাম শিবির। এই নিয়েও মুখ খুলেছেন দিলীপ। দিলীপ বলেন, 'সিপিআইএম ধর্মঘট ডাকছে বা কী করছে, তাতে ভারতের মানুষের কী যায় আসে! ওরা কোথায় আছে? আসলে ওরা যে রয়েছে, জনগণকে এটা বোঝাতে মাঝেমধ্যে ব্রিগেড করতে হয়, ধর্মঘট ডাকতে হয়! বামেদের ব্রিগেড সমাবেশ নিয়েও এদিন খোঁচা দেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি। তিনি বলেন, বাঙালিরা দুর্গাপুজোর পর যেমন সবাই মিলিত হয়, তেমনই বামেরা প্রত্যেক বছর ব্রিগেড আসে। খাওয়াদাওয়া করে, বলে দাবি করেন দিলীপ।

# আগামী মাসে কলকাতা পৌর নিগমে কো-অপারেটিভ নির্বাচন তা নিয়ে আজ থেকে শুরু হলো তরজা

<u>বেবি চক্রবর্তী: কলকাতা</u>




সোমবার কো-অপারেটিভ নির্বাচন ঘিরে শুরু শাসক তৃণমূল ও বিরোধী বামফ্রন্টের মধ্যে তরজা শুরু। মনোনয়নপত্র দাখিলের সময় স্লোগান, পালটা স্লোগান ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে কলকাতা পুরসভার অন্দর।ভোট হবে ১৮ মে। আজ সোমবার মনোনয়নপত্র দাখিল নিয়ে উত্তপ্ত হয়ে ওঠে কলকাতা পুরসভা। মুখোমুখি তৃণমূল ও বামফ্রন্টের প্রতিনিধিরা। চলে স্লোগান, পালটা স্লোগান।তৃণমূল শ্রমিক কর্মচারী সংগঠন আইএনটিটিইউসি কেএমসি এমপ্লয়িজ ইউনিয়নের সভাপতি শ্রীমন্ত ঘোষালের অভিযোগ, ৩৪ বছর ক্ষমতায় থাকাকালীন বামফ্রন্ট কোনও দিনেই বিরোধীদের মনোনয়নপত্র জমা দিতে দিত না। আবার সিটু নেতা অমিতাভ চক্রবর্তীর পালটা দাবি, কোনও নির্বাচনী বিধি না মেনেই নির্বাচনী প্রক্রিয়া শুরু করা হয়েছে। এমনকি কোঅপারেটিভ সোসাইটির নির্বাচনের ভোটার তালিকা প্রকাশ করা হচ্ছে না।সিটু নেতা অমিতাভ চক্রবর্তীর অভিযোগ যে শাসকদল জানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হলেই তারা শূন্য পাবেন। তাই ছুটির দিন নির্বাচন রেখেছে। তৃণমূল শ্রমিক সংগঠনের নেতা শ্রীমন্ত ঘোষালের অভিযোগ, আসলে বামফ্রন্টের পায়ের তলায় জমি নেই তাই তৃণমূলের বিরুদ্ধে এই ধরনের মিথ্যা অভিযোগ করছে। এতে করে তৃণমূলের কোনরকম সমস্যা হবে না।

# বুকে ব্যথা নিয়ে হাসপাতালে ভর্তি রাজ্যপাল



<u>স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন</u>

**কলকাতা:-** হঠাৎ বুকে ব্যথা অনুভব করেন রাজ্যপাল। দ্রুত তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দক্ষিণ কলকাতার কমান্ড হাসপাতালে ভর্তি তিনি। শালবনি যাওয়ার আগে তাঁকে দেখতে হাসপাতালে গেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওয়াকফ ইস্যুতে অশান্তি ছড়িয়েছিলেন মুর্শিদাবাদে। সেখানের এলাকা পরিদর্শনে গেছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। শনিবার জেলা সফর থেকে ফিরেছিলেন তিনি। মাঝে কেটেছে একদিন। সোমবারই তাঁর অসুস্থতার খবর সামনে এল। সূত্রের খবর, তাঁর হার্টে ব্লকেজ পাওয়া গেছে। চিকিৎসকদের আশঙ্কা, রাজ্যপালে বাইপাস সার্জারি করতে হতে পারে। আপাতত প্রাথমিক চিকিৎসা চলছে রাজ্যপালের। তবে মনে করা হচ্ছে, পরবর্তী চিকিৎসার জন্য তাঁকে অন্য হাসপাতালে স্থানান্তর করা হতে পারে। সোমবার সকালে শালবনির উদ্দেশে রওনা হওয়ার আগেই হাসপাতালে রাজ্যপালকে দেখে আসেন মুখ্যমন্ত্রী। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, ''রাজ্যপালের শরীর খারাপ। দেখে গেলাম। চিকিৎসা চলছে।

## সম্পাদকীয়

### চূড়ান্ত গোষ্ঠীদ্বন্দ্ব সিপিএমে, সিনিয়রদের আপত্তিতেই বক্তা হলেন না মীনাক্ষী!

প্রতিপক্ষ সুযোগ পেলেই খোঁচা দেয় - 'শূন্য থেকে মহাশূন্যের দিকে ধাবমান'। তাতেও যে অবশ্য চৈতন্য ফেরার চিহ্ন নেই বঙ্গজ সিপিএমের, তা আরেকবার প্রমাণ করে দিল রবিবারের ব্রিগেড। দলীয় গোষ্ঠীদ্বন্দ্বের শিকার হয়ে বক্তাদের তালিকা থেকে ছিটকে গেলেন মীনাক্ষী মুখোপাধ্যায়! দলীয় সূত্রে খবর, কর্মী-সমর্থকদের দাবিতে তালিকায় জায়গা দিতে বাধ্য হলেও শেষ মুহূর্তে কেটে দেওয়া হয়েছে বাম জনতার 'ক্যাপটেন' মীনাক্ষীর নাম।মীনাক্ষীর শূন্যস্থানে এদিন পূরণ করানো হয় হুগলির গুড়াপের বাসিন্দা খেতমজুর সংগঠনের রাজ্য নেত্রী বন্যা টুডুকে। মীনাক্ষীর মতো আঞ্চলিক ভাষায় '২৬-এর বিধানসভা ভোটে বাংলায় 'উইকেট ফেলার' হাঁক পেড়েছেন তিনি। ঝাঁজাল বাচনভঙ্গিতে বন্যা টুডু বলেন, "খেতমজুর, খেটে খাওয়া মানুষদের লড়াই এটা। শহরের মানুষ আমাদের কথা জানে না। আমরা শেষ দেখে ছাড়ব। লড়াইয়ের পথ থেকে সরব না। আমাদের সরকার ১০০ দিনের কাজ চালু করার কথা বলেছিল। সবাই বলে, ব্রিগেডে এত লোক, কিন্তু ভোটবাক্স খালি। মানুষের রুটিরুজি আর ভোটবাক্স আলাদা। ১০০ দিনের কাজ আমরা ২০০ দিন করতে চাই। টাকা দাও, না হলে কাজ দাও। এত চুরি করেছে এত চুরি করেছে, দিদি কী বলবেন বুঝতে পারছেন না। আগামী দিনে আমাদের অনেক কাজ। যে লক্ষ্মীদের সম্মান থাকে না, তাদের আর ভাণ্ডার কী? মেয়েদের ধর্ষণ করা হচ্ছে, টাকা ধরিয়ে দেওয়া হচ্ছে। ওঁরা বলছেন, খেলা হবে। খেলা আমরাও করব। ব্যাট হাতে, বল হাতে '২৬-এ আমরাও দেখিয়ে দেব। আমরা উইকেট ফেলব।"

যা নিয়ে সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের সঙ্গে একপ্রস্ত কথা কাটাকাটিও হয়েছে দলের শীর্ষস্থানীয় নেতার।

আগামী ২০ মে সর্বভারতীয় ধর্মঘটের আগে কর্মী-সমর্থকদের রাস্তায় নামাতে রবি দুপুরে শ্রমিক, কৃষক, খেতমজুর এবং বসতি – চারটি গণসংগঠনের নামে ব্রিগেড সমাবেশের ডাক দিয়েছিল সিপিএম। কিন্তু সংগঠনের বর্তমান যা হাল, তাতে এই খর বৈশাখের বামেদের ফাঁকা ব্রিগেডের একাংশ। রবিবার, কড়া রোদে সেই ব্রিগেড ভরানো যাবে কিনা, তা নিয়ে আলিমুদ্দিনের চিন্তা ছিল। তারপরই ঝুঁকি না নিয়ে বর্তমান বাম তরুণ ও যুব সমাজের অবিসংবাদী 'ক্যাপটেন' মীনাক্ষী মুখোপাধ্যায়ের নাম ঢোকানো হয়েছিল বক্তাদের তালিকায়। মীনাক্ষী সংশয়াতীতভাবে বর্তমান বঙ্গ সিপিএমের অন্যতম সেরা বক্তা। মেঠো বাচনভঙ্গিতে তাঁর ভাষণ ইতিমধ্যেই প্রবল জনপ্রিয়ও।পাশাপাশি অতি সম্প্রতি দলের কেন্দ্রীয় কমিটিতে তাঁর জায়গা করে নেওয়া বাম সমর্থক, বিশেষত ছাত্র ও যুব কর্মীদের মধ্যে নতুন উদ্দীপনা তৈরি করেছে। ব্রিগেড সমাবেশে মীনাক্ষীর বক্তব্য রাখার বার্তা ছড়িয়ে দিয়ে ছাত্র ও যুবদের দলে দলে এসে মাঠ ভরানোর ডাকও দেওয়া হয়েছিল। কিন্তু তাঁদের আয়োজনে মীনাক্ষী এসে হাততালি কুড়িয়ে নিয়ে যাবেন, তা প্রথম থেকেই ঠিক পছন্দ ছিল না সিটু, কৃষক সভা বা বসতি ফেডারেশনের বৃদ্ধ নেতাদের। সূত্রের খবর, বৃদ্ধতন্ত্রের সেই অপছন্দে 'আপত্তি' ছিল না আলিমুদ্দিনের একটা বড় অংশেরই। রাজনীতির সেই শুভঙ্করী গণিতের জটিল অঙ্কেই শেষ মুহূর্তে বাদ পড়ে যান মীনাক্ষী।

ফলে ব্রিগেডের মঞ্চে মহম্মদ সেলিমই হয়ে দাঁড়ান একমাত্র তারকা বক্তা। তাঁর বক্তৃতার অভিমুখ ছিল ২০২৬-এর বিধানসভা নির্বাচনের দিকে। তাই ওয়াকফ বিল বা মুর্শিদাবাদ, মালদহের সাম্প্রতিক অশান্তি – সবেতেই আক্রমণ শানিয়েছেন দুই প্রতিপক্ষ তৃণমূল কংগ্রেস ও বিজেপিকে এক বন্ধনীতে রেখে। মমতা বন্দ্যোপাধ্যায়েকে ক্ষমতাচ্যুত করার ডাক দিয়ে তিনি বলেন, "তৃণমূল-বিজেপির হাতে বাংলার সর্বনাশ হতে দেব না।"

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(পঞ্চম পর্ব)



তুলতেও সাহায্য করেন। হিন্দুধর্মের মধ্যে একটা মেয়েকে ঘরের 'লক্ষ্মী' রূপেই দেখা হয়ে থাকে।এবং অনেক পিতা-মাতাই পছন্দ করেন তাদের কন্যার নামটি দেবী লক্ষ্মীর নামানুসারে রাখতে, সুতরাং,সেই কারণেই আমরা এখানে তুলে ধরেছি দেবী লক্ষ্মীর নামের কিছু তালিকা আপনার ছোট্ট সোনামণিটির জন্য।সেই তালিকা এই লেখার মধ্যে চেষ্টা করবো বলার যতটা সম্ভব।আজ আমরা লক্ষ্মী কে নিয়ে বিশ্বের ইতিহাসে অনেক রীতি-রেওয়াজ প্রচলিত আছে। তবে বাংলা সংস্কৃতি বাঙ্গালীদের জন্য ভারতবর্ষের সংস্কৃতি ইতিহাস সেটি

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## বি আর আম্বেদকরের জন্মবার্ষিকী পালিত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা**। বাবা সাহেব জনকলাণ সমিতি কলকাতা পশ্চিমবঙ্গ (হেলা ইউনিটি) এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে মহা জাঁকজমক ও আনন্দের সাথে ডঃ ভীম রাও আম্বেদকরের ১৩৪তম জন্মবার্ষিকী উদযাপন করেছে। মিডিয়া ইনচার্জ বিজয় হেলা জানান, এই কর্মসূচিতে বাবা সাহেবের চিন্তাভাবনা মাথায় রেখে মহিলা , শিশু এবং মেয়েদের উন্নয়নের উপর বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। মহিলাদের সম্মানিত করা হয়েছিল। শিশুদের পুরষ্কার দিয়ে উৎসাহিত করা হয়েছিল। অনুষ্ঠানে অনেক বিশেষ অতিথি উপস্থিত ছিলেন। এসময় লক্ষ্মী হেলা, রাখী হেলা, রানী হেলা, নেহা হেলা, মালা হেলা, সুমন হেলা, নীলম হেলা, সরস্বতী হেলা, সীতা হেলা, গীতা হেলা, বিটি হেলা, রুম্পা হেলা, কিরণ হেলা, লতা হেলাসহ সংগঠনের মহিলা সদস্যরা উপস্থিত ছিলেন। যেখানে রামদিন হেলা, কিশোর হেলা, মহেশ হেলা, শান্তি লাল হেলা, মুকেশ হেলা, মেভা লাল হেলা, বাবু হেলা, সন্তোষ কুমার হেলা, বিনোদ হেলা, চন্দন হেলা, শিবু হেলা, কানহাইয়া হেলা, রোহিত হেলা, আমান হেলা, সি.এ. উপস্থিত ছিলেন রবি হেলা, সঞ্জয় হেলা, দুর্গা হেলা, মনু হেলা, রাজু হেলা, মনোজ হেলা, সন্দীপ হেলা, ব্রিজলাল হেলা, দিনানাথ দাস, সন্তোষ সিং, রিতেশ হেলা, মিথিলেশ দাস, রামজি দাস, ও বিজয় হেলা।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ছায়ানন্দনের কুকুরের পিঠে চড়ে বাড়িতে আগমন ঘটলে সেই সময় গৃহে নানান রকমের অশান্তি ও ভয়ভীতির সৃষ্টি হয়। একই সঙ্গে হয় চুরি।

পরিস্থিতির প্রেক্ষিতে সোনা রুপো লোহা ও তামা, এই চারটি ধাতুকে শনিদেব চরণ হিসাবে ব্যবহার করে থাকেন। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ২৪ এপ্রিল প্রধানমন্ত্রীর মিথিলা সফর
# মোদীর মিথিলা সফর নিয়ে প্রত্যাশা অনেক বেশি, মিথিলার অবহেলা: জনআন্দোলনের ট্র্যাজেডি

**ডঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৪ এপ্রিল মিথিলা সফর করবেন। এজন্য বিদেশ্বর স্থানে সভা সফল করার জন্য পুরোদমে প্রস্তুতি চলছে। প্রধানমন্ত্রীর এই সফর সফল করতে এনডিএ জোটের সকল দলই ব্যস্ত। বিশেষ করে বিজেপি কর্মীদের মধ্যে প্রচুর উৎসাহ রয়েছে। এর পাশাপাশি, কোটি কোটি মিথিলাবাসীর অনেক প্রত্যাশা রয়েছে।

এ বছর বিহারে বিধানসভা নির্বাচন। এটি এনডিএ জোটের জন্য মর্যাদার প্রশ্ন, কারণ মহাজোটও তার সর্বোচ্চ চেষ্টা করছে। উভয় জোটেরই নজর মিথিলা অঞ্চলের উপর কারণ মিথিলায় ১০৮টি বিধানসভা কেন্দ্র রয়েছে এবং এখানে ইতিহাস এমন যে যে দলকে ভোট দেওয়া হয়েছে তারা মোট ১০০টি আসন পেয়েছে এবং সেই দলই সরকার গঠন করেছে।

অন্যদিকে, মহাজোটের সমস্যা হল, যদি এবার ক্ষমতা না পায়, তাহলে বিজেপি ক্ষমতায় আসার কারণে দীর্ঘদিন ক্ষমতা থেকে দূরে থাকবে। কেন্দ্রে অটল বিহারী বাজপেয়ীর সরকার কোশি নদীর উপর মিথিলা এবং মৈথিলী ভাষায় নির্মিত মহাসেতুকে অষ্টম তফসিলে অন্তর্ভুক্ত করেছিল এবং ২০০৫ সালে, ১৫ বছরের লালু-রাবড়ি সরকারের অবসান ঘটিয়ে নীতিশ কুমারের নেতৃত্বে এনডিএ সরকার গঠিত হয়েছিল। এই নির্বাচনে, এনডিএ মিথিলা থেকে সর্বাধিক আসন পেয়েছে।

ধ্বংসপ্রাপ্ত শিল্প এবং পলায়নবাদ: মিথিলার মানুষ তাদের অবহেলায় ক্রমাগত কষ্ট পাচ্ছে। এখানকার মানুষকে প্রতি বছর দুর্ভিক্ষ ও খরার মুখোমুখি হতে হয়। শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান ভেঙে পড়ার কারণে, গত তিন দশকে অভিবাসনের একটি গুরুতর সমস্যা দেখা দিয়েছে। সাক্রি, রায়ম এবং লোহটের চিনিকলগুলি বন্ধ রয়েছে। অশোক পেপার মিল এবং ঠাকুর পেপার মিলের অবস্থাও একই রকম। কাটিহারের পাটকল, সহরসা এবং মাধেপুরের দুধকলগুলি চার দশক ধরে বন্ধ রয়েছে। সরকারি অবহেলার কারণে ভাগলপুরের রেশম শিল্প এবং প্যান্ডেল ও মধুবনী খাদি তাদের অস্তিত্ব হারাচ্ছে। তাঁত শিল্পের অবসানের সাথে সাথে সংখ্যালঘুদের আয়ের উৎসও শেষ হয়ে গেছে।

এই শিল্প ইউনিটগুলি বন্ধ হয়ে যাওয়ার ফলে মিথিলায় কেবল তীব্র বেকারত্বই দেখা দেয়নি, বরং অভিবাসনের পাশাপাশি কৃষির উপরও বিরূপ প্রভাব পড়েছে। কৃষকরা আখ ও পাট চাষ প্রায় বন্ধ করে দিয়েছেন। দুগ্ধজাত পশু পালনও প্রায় বন্ধ হয়ে গেছে। বাজার ও সম্পদের অভাবে, অন্ধ্রপ্রদেশ থেকে আমদানি করা মাছ মৎস্য শিল্পের জন্য বিশ্বখ্যাত মিথিলার বাজারে প্রচুর পরিমাণে বিক্রি হচ্ছে। সম্প্রতি, ট্যাগের নামে মাখানা শিল্পকেও বিতর্কিত করা হয়েছিল। মাখানা শিল্পের সাথে যুক্ত ব্যক্তিদের উপর এর গভীর প্রভাব পড়েছে।

মিথিলায় বন্যা সমস্যা: স্বাধীনতার আগে থেকেই মিথিলায় এই সমস্যা রয়েছে। কোসি, কমলা, গন্ডক, বুধী গন্ডক এবং আধাওয়ারা গোষ্ঠীর অন্যান্য উপনদী নদী প্রতি বছর মিথিলায় সর্বনাশ করে। এই সমস্যা সমাধানের জন্য, এই নদীগুলিতে বাঁধ তৈরি করা হয়েছিল, কিন্তু যেহেতু এই নদীগুলির জলের উৎস নেপাল, তাই মানুষকে তার করুণায় বাস করতে হচ্ছে। নেপাল তার সুবিধামতো পানি ছেড়ে দেয় এবং মিথিলায় ভয়াবহ বন্যা পরিস্থিতি তৈরি করে।

মিথিলায় বন্যা সমস্যার সমাধান খুঁজে বের করার প্রচেষ্টার ইতিহাসও অনেক পুরনো। ব্রিটিশ শাসনামলের পর থেকে বন্যা সমস্যার সমাধানের জন্য অনেক কমিশন গঠন করা হয়েছিল এবং অনেক প্রচেষ্টা করা হয়েছিল, কিন্তু একমাত্র যে বিষয়টি সামনে এসেছিল তা হল মিথিলার বন্যা সমস্যা সমাধানের জন্য নেপালে একটি উঁচু বাঁধ নির্মাণ করা উচিত। কিন্তু স্বাধীনতার ৭৫ বছর পরেও কেন্দ্রীয় সরকারগুলি নেপালের সাথে কথা বলে এই সমস্যার স্থায়ী সমাধান খুঁজে বের করতে পারেনি।

বিমান পরিষেবা আর এইমসের মধ্যে আটকে থাকা মিথিলা: আজকাল রাজনীতিবিদদের মধ্যে প্রতিযোগিতা চলছে যে আমরা দারভাঙ্গা থেকে বিমান পরিষেবা শুরু করেছি। তিনি এইমস তৈরির উদ্যোগ নিয়েছিলেন, কিন্তু তিনি জানতেন না যে স্বাধীনতার আগে দারভাঙ্গায় বিমান পরিষেবা ছিল। এটা আলাদা বিষয় যে, সেই সময়ে এই সুবিধা কেবলমাত্র বড় বড় ব্যক্তি এবং রাজপরিবারের মধ্যেই সীমাবদ্ধ ছিল। একইভাবে, নেহেরু-ইন্দিরা যুগে, ডিএমসিএইচ নির্মিত হয়েছিল বিশিষ্ট কংগ্রেস নেতা এবং প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী পণ্ডিত হরিনাথ মিশ্রের সহায়তায়। সেখানকার অনেক ডাক্তারের লেখা বই এখনও এইমসের শিক্ষার্থীদের পড়ানো হয়।

মিথিলা রাজ্যের দাবি: – আসলে, একটি পৃথক মিথিলা রাজ্যের ইতিহাস স্বাধীনতার আগে পর্যন্ত বিদ্যমান। দারভাঙ্গা রাজপরিবার মিথিলা নরেশ নামে পরিচিত ছিল, কিন্তু স্বাধীনতার পর মিথিলা রাজ্য সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়ে যায়। রামগড়ে কংগ্রেস অধিবেশনে পণ্ডিত জওহর লাল নেহরুর উপস্থিতিতে, তৎকালীন মিথিলা কেশরী (প্রয়াত) জানকী নন্দন সিং পৃথক মিথিলা রাজ্যের দাবি উত্থাপন করেছিলেন, কিন্তু এই দাবি চতুরতার সাথে প্রত্যাখ্যান করা হয়েছিল। তারপর থেকে, পৃথক মিথিলা রাজ্যের দাবি ক্রমাগত উঠে আসছে, কিন্তু রাজনৈতিক কারণে এই দাবি এখনও পূরণ হয়নি।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# লৌকিক না অলৌকিক, দিঘায় ওই জগন্নাথ মূর্তি এল কোথা থেকে! সবটা ঝরঝর করে বলে দিলেন কল্পনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আর মাত্র কয়েকদিন বাদেই দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধন হওয়ার কথা। মন্দির থেকে আলোকসজ্জা সবই প্রস্তুত। সৈকত শহরে সাজো সাজো রব। এরই মধ্যে রবিবার শোরগোল পড়ে যায় সেই এলাকায়। আস্ত এক জগন্নাথ মূর্তি এসে হাজির সমুদ্রের পাড়ে। বাঙালির জনপ্রিয় পর্যটনস্থল দিঘায় কোথা থেকে এল এমন একটি মূর্তি, তা নিয়ে শুরু হয়ে যায় প্রবল জল্পনা।পরে সন্ধ্যায় মোবাইলে দেখেন ওই মূর্তির ছবি নিয়েই শোরগোল পড়ে গিয়েছে। এরপরই মুখ খুলেছেন কল্পনা। উল্লেখ্য, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার রবিবার এই বিষয়ে টুইট করেছিলেন। সেখানে তাঁর বক্তব্য ছিল, মূর্তির একটি হাত ভাঙা দেখা যাচ্ছে। আর হিন্দু ধর্মে ভাঙা মূর্তি ব্যবহার করা হয় না। তৃণমূল এই বিষয়টাকে রাজনৈতিক কাজে লাগানোর চেষ্টা করছে বলেই দাবি



সুকান্তর।মন্দির উদ্বোধনের আগে এ কোনও অলৌকিক ঘটনা নয় তো! দিঘায় ওই মন্দির তৈরি হয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে। তিনিই সেই মন্দির উদ্বোধন করবেন। তার আগে এমন মূর্তি ভেসে আসায় তৃণমূলের অনেক নেতা-নেত্রীই বলেন, 'অনেকেই ঈশ্বরের ইচ্ছা বলেই মনে করছেন।' কেউ বলছেন, 'মন্দির উদ্বোধনের আগে সমুদ্র পথেই স্বয়ং এলেন প্রভু।' সেই ঘটনার ২৪ ঘণ্টা পর অবশেষে সামনে এল আসল সত্যি।

রবিবার দিঘার মাইতি ঘাটের কাছে উদ্ধার হয় ওই জগন্নাথ মূর্তি। মুহূর্তে ছুটে যায় এলাকার লোকজন ও পর্যটকরা। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে সেই ছবি।

এবার জানা গেল, ওই জগন্নাথ মূর্তি এতদিন ধরে পূজিত হচ্ছিল দিঘা থানার খাদাল গোবরা গ্রামের বাসিন্দা কল্পনা জানার বাড়িতে। ভিডিয়ো ভাইরাল হওয়ার পর সংবাদমাধ্যমের সামনে মুখ খোলেন সেই কল্পনা।

কল্পনার দাবি, তাঁর বাড়িতে যে মন্দির রয়েছে, সেখানেই পূজা হত জগন্নাথের। দুর্গা মন্দিরের সঙ্গেই জগন্নাথকে গত এক বছর ধরে পুজো করা হত। কল্পনা জানান, কিছুদিন আগে হঠাৎ তিনি দেখতে পান জগন্নাথ মূর্তির হাত ও মাথার অংশ ভাঙতে শুরু করেছে। তাঁর দাবি, ভাঙা মূর্তি মন্দিরে না রাখার পরামর্শ দিয়েছিলেন পূজারী। তাই মূর্তি কোথায় রাখবেন তিনি বুঝতে পারছিলেন না। বস্তির যে বাসিন্দারা তাঁকে ওই মূর্তি দিয়েছিলেন, তাঁদের সঙ্গে কথা বললে, তাঁরা মূর্তি নিতে রাজি হননি। তাই রবিবার দুপুর ২ টো নাগাদ দিঘার সমুদ্রে ওই মূর্তি ভাসিয়ে দেন কল্পনা।

# ওয়াকফ হিংসার জেরে বাংলায় রাষ্ট্রপতি শাসনের দাবি, রিট পিটিশনের উল্লেখ সুপ্রিম কোর্টে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ও য়াকফ সংশোধনী বিল, ২০২৫ পাস হওয়ার পর সাম্প্রতিক সহিংসতার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি শাসন জারি করার জন্য একটি রিট আবেদন দাখিল করা হয়েছে সুপ্রিম কোর্টে। অ্যাডভোকেট বিষ্ণু শঙ্কর জৈন আজ সেই রিট পিটিশনের বিষয়ে উল্লেখ করেন শীর্ষ আদালতে। সুপ্রিম কোর্টের বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহের বেঞ্চের সামনে এই আবেদনের উল্লেখ করেন বিষ্ণু শঙ্কর জৈন।এদিকে ১২ এপ্রিল ধুলিয়ান পুরসভাতে ভাঙচুর চালানো হয়েছিল। সেদিন একটি বেসরকারি হাসপাতালে ভাঙচুর চালানো হয়েছিল এবং পরে সেখানে আগুন ধরিয়ে দেওয়া হয়েছিল বলে অভিযোগ। ধুলিয়ানে একটি শপিংমলেও লুটপাট চালানো হয়েছিল। এদিকে ফারাক্কার বিধায়ক মনিরুল ইসলামের দাদা আলির বাড়িতেও ভাঙচুর করা হয়েছে বলে অভিযোগ। এমনকী বিধায়ককেও হেনস্থা করা হয়েছিল বলে দাবি করা হয়। এছাড়া জঙ্গিপুরের সাংসদ খলিলুরের অফিসেও হামলা চালানো হয়েছিল বলে অভিযোগ। এদিকে মুর্শিদাবাদে হিংসার অভিযোগে এখনও পর্যন্ত শতাধিক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।বিষয়টি আগামিকাল শুনানির জন্য তালিকাভুক্ত করা হয়েছে। আবেদনে দাবি করা হয়েছে, সুপ্রিম কোর্ট যাতে পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি শাসনের জন্যে নির্দেশ দেয়।

এদিকে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে অবশ্য এখন পরিস্থিতি ধীরে ধীরে শান্ত হচ্ছে। আজ ১০ দিন পর সেখানে স্কুল খুলেছে। এদিকে মালদার স্কুলের আশ্রয় শিবিরে যে সব পরিবর ছিল, তাদের গতকালই মুর্শিদাবাদে তাদের বাড়িতে নিয়ে গেছে পুলিশ। মুর্শিদাবাদের পরিস্থিতি নিয়ে জঙ্গিপুর পুলিশ জেলার এসপি আনন্দ রায় জানান, এখন সেখানে পরিস্থিতি শান্ত। সবই বাড়ি ফিরে গিয়েছেন। ওয়াকফের নামে যে হিংসা ও তাণ্ডবলীলা চলেছিল, তাতে ১৫৩টি মামলা দায়ের হয়েছে। এখনও পর্যন্ত ২৯২ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য, মুর্শিদাবাদে ওয়াকফ সংশোধনী আইনের বিরোধিতায় বিক্ষোভের জেরে হিংসা ছড়িয়ে পড়েছিল ১১ এপ্রিল থেকে। এই হিংসার জেরে তিনজনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে একজন কিশোর আছে। সে গত ১১ এপ্রিল গুলিবিদ্ধ হয়েছিল। এদিকে ১২ এপ্রিল সামশেরগঞ্জে বাবা-ছেলেকে কুপিয়ে খুন করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। ঘটনায় পুলিশের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেছিলেন স্থানীয়রা। এই আবহে ঘটনার খবর পেয়ে পুলিশ দেহ উদ্ধার করতে গেলে তাদের বাধা দেওয়া হয়েছিল। পরে মুখ্যমন্ত্রী ক্ষতিপূরণ ঘোষণা করলে তা না নেওয়ার ঘোষণা করেন নিহতের পরিবার। এদিকে এলাকায় শান্তি ফেরাতে অগ্রণী ভূমিকা পালন করে বিএসএফ।

# সিনেমার খবর

## যেভাবে ক্যানসার জয় করলেন শর্মিলা ঠাকুর, জানালেন মেয়ে সোহা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন


শর্মিলা ঠাকুর ও সোহা আলি খান

ফুসফুসের ক্যানসারের মতো ভয়ানক রোগকে হারিয়ে আবারও অভিনয়ে ফিরলেন বর্ষীয়ান অভিনেত্রী শর্মিলা ঠাকুর। দীর্ঘ ১৪ বছর পর বাংলা সিনেমায় ফিরেছেন তিনি, ‘পুরাতন’ ছবির মাধ্যমে।


সম্প্রতি কলকাতা ও মুম্বাইয়ে একাধিকবার যাতায়াত করেছেন ছবির প্রচারে। বয়সের ছাপ না থাকলেও, ভেতরে লুকিয়ে ছিল কঠিন এক লড়াইয়ের গল্প। সে কথা এবার সামনে আনলেন তার মেয়ে ও অভিনেত্রী সোহা আলি খান।

২০২৩ সালে জনপ্রিয় টক শো 'কফি উইথ করণ'-এ প্রথমবার নিজের অসুস্থতার কথা জানান শর্মিলা ঠাকুর। কিন্তু বিস্তারিত কিছু না বলায় অনেকেই জানতেন না তার চিকিৎসা ও বর্তমান শারীরিক অবস্থা সম্পর্কে। এবার সোহা আলি খান জানিয়েছেন, মায়ের ফুসফুসে ক্যানসার ধরা পড়েছিল একেবারে জিরো স্টেজে। ফলে কেমোথেরাপির প্রয়োজন হয়নি। সোহা বলেন, 'আমাদের পরিবারেও এসেছে দুশ্চিন্তার সময়। মা শর্মিলা ঠাকুরের ক্যানসার ধরা পড়েছিল জিরো স্টেজে। কেমো ছাড়াই তিনি সুস্থ হয়ে ওঠেন। শরীর থেকে আক্রান্ত অংশ কেটে বাদ দেওয়া হয়। এখন মা সম্পূর্ণ সুস্থ।'

শর্মিলার অসুস্থতার সময় তাকে প্রস্তাব দেওয়া হয়েছিল করণ জোহর পরিচালিত ‘রকি অউর রানি কি প্রেমকাহানি’ ছবিতে কাজ করার জন্য। তবে শারীরিক অবস্থা ভালো না থাকায় তখন তিনি সেই প্রস্তাব ফিরিয়ে দেন।

বর্তমানে সম্পূর্ণ সুস্থ শর্মিলা ঠাকুর আবারও ফিরেছেন নিজের মাতৃভাষার সিনেমায়। ‘পুরাতন’ ছবির মাধ্যমে দীর্ঘ ১৪ বছর পর তাকে দেখা যাবে বাংলা রূপালী পর্দায়। বয়সের ভার থাকলেও অভিজ্ঞতা আর আত্মবিশ্বাসেই পর্দা কাঁপাতে প্রস্তুত তিনি।

## ১৩তম দিনে কত আয় করল সালমানের সিকান্দার?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ঈদ উপলক্ষে মুক্তি পাওয়া সালমান খানের ছবি ‘সিকান্দার’ বক্স অফিসে ১৩তম দিন পার করেছে। তবে ছবিটি শুরু থেকেই খুব একটা সাড়া ফেলতে পারেনি। ধীর গতিতে এগোলেও, নিজের জায়গা ধরে রাখার চেষ্টা করছিল এই অ্যাকশনধর্মী সিনেমা।

কিন্তু নতুন প্রতিদ্বন্দ্বী হিসেবে হাজির হয়েছেন সানি দেওল, যাঁর ছবি ‘জাঠ’ মুক্তি পেয়েছে ১০ এপ্রিল। এর পর থেকেই বদলে গেছে চিত্র। শেষ দুই দিনে স্পষ্ট দেখা যাচ্ছে, ‘জাঠ’-এর ধাক্কায় চাপা পড়ে যাচ্ছে সালমানের ‘সিকান্দার’।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন বলছে, ‘জাঠ’ মুক্তির পর ‘সিকান্দার’-এর আয় আশানুরূপ হচ্ছে না। স্যাকনিল্ক-এর তথ্য অনুযায়ী, মুক্তির ১২তম দিনে ছবিটি আয় করেছে মাত্র ৭৫ লাখ টাকা। আর ১৩তম দিনে সেই আয় আরও কমে দাঁড়িয়েছে মাত্র ৩ লাখ টাকায়।

এই মুহূর্তে ‘সিকান্দার’-এর ঘরোয়া আয় ১০৮ কোটি রুপি ছুঁয়েছে। তবে আন্তর্জাতিক বাজারে ছবিটি তুলনামূলক ভালো পারফর্ম করেছে—বিশ্বব্যাপী আয় দাঁড়িয়েছে প্রায় ২৫০ কোটি রুপি।

এখন দেখার বিষয়, আগামী দিনগুলোতে এই টানাপোড়েনের লড়াইয়ে কে এগিয়ে থাকতে পারে—সালমানের ‘সিকান্দার’ নাকি সানির ‘জাঠ’।

## সিনেমার বাজেট ১০০ কোটি, সানি দেওল একাই নিয়েছেন ৫০ কোটি!

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন





‘গদার ২’ দিয়ে সদর্পে ফেরেন নব্বইয়ের দশকের অন্যতম বলিউড নায়ক সানি দেওল। ভারতীয় গণমাধ্যম হিন্দুস্তান টাইমসের তথ্যমতে, ‘গদার ২’-এর সাফল্যের পর নিজের পারিশ্রমিক ছয় গুণ বাড়িয়েছেন সানি। যার প্রমাণ মেলে সদ্য মুক্তি পাওয়া ছবি ‘জাট’ এ।

গত ১০ এপ্রিল মুক্তি পাওয়া ছবিটি বক্স অফিসে দারুণ সাড়া ফেলেছে। তবে সিনেমাটির জন্য সানি পারিশ্রমিকও নিয়েছেন আকাশছোঁয়া! সিনেমাটি প্রথম দিনে আয় করেছে ৯ কোটি রুপি ও দ্বিতীয় দিনে ৬ কোটি রুপি। বেশ পছন্দও করছেন দর্শকরা।

ভারতীয় সংবাদমাধ্যম সূত্রে জানা যাচ্ছে, জাটের বাজেট ১০০ কোটি রুপি। আর এতে অভিনয়ের জন্য সানি একাই পারিশ্রমিক নিয়েছেন ৫০ কোটি রুপি। সিনেমার বাজেটের অর্ধেকই তার পারিশ্রমিক!

ছবিটি মুক্তির আগে ট্রেলারও প্রশংসিত হয়েছে। এর আগে, ‘গাদার ২’-এর জন্য সানি পারিশ্রমিক পেয়েছিলেন আট কোটি রুপি। অর্থাৎ মাত্র বছর দুইয়ের ব্যবধানে ছয় গুণের বেশি পারিশ্রমিক বাড়িয়েছেন সানি। সামনে আসছে তার ‘লাহোর ১৯৪৭’।

# সমালোচনার জবাবে রোহিতের ঝলক, চেন্নাইকে উড়িয়ে দিল মুম্বাই

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



আইপিএলে টানা ছয় ম্যাচে রানখরার পর অবসরের ইঙ্গিত পেয়েছিলেন রোহিত শর্মা। সাবেক তারকা বীরেন্দর শেবাগ সরাসরিই বলেছিলেন, 'অবসরের সময় এসেছে রোহিতের।' তবে 'হিটম্যান' যেন ঠিক এই কথাগুলোই নিজের অনুপ্রেরণায় রূপান্তর করলেন।

অবশেষে ব্যাটে জ্বলে উঠলেন ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপ ও চ্যাম্পিয়নস ট্রফি জয়ী এই অধিনায়ক। ওয়াংখেড়ে স্টেডিয়ামে চিরপ্রতিদ্বন্দ্বী চেন্নাই সুপার কিংসের বিপক্ষে খেলেই ফিরলেন দুর্দান্ত ফর্মে। ৪৫ বলে ৪ চার ও ৬ ছক্কায় ৭৬ রানের ঝকঝকে ইনিংস খেলে দিলেন সমালোচকদের জবাব।

রোহিতের এই ঝলমলে ইনিংসের ওপর ভর করে চেন্নাইকে ৯ উইকেটের বিশাল ব্যবধানে হারিয়ে দেয় মুম্বাই ইন্ডিয়ানস। জয়টা আসে ২৬ বল হাতে রেখেই। এটি ছিল তাদের অষ্টম ম্যাচে চতুর্থ জয়। এখন ৮ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় ছয়ে অবস্থান করছে পাঁচবারের চ্যাম্পিয়নরা। অন্যদিকে সমান ম্যাচে ষষ্ঠ হারে দশ দলের তালিকায় সবার নিচে অবস্থান করছে চেন্নাই।

চেন্নাইয়ের হয়ে আগে ব্যাট করে ৫ উইকেটে ১৭৬ রান তোলে দলটি। রবীন্দ্র জাদেজা ৩৫ বলে অপরাজিত ৫৩ ও শিবম দুবে ৩২ বলে করেন ৫০ রান।

রান তাড়ায় রোহিতের সঙ্গে উদ্বোধনী জুটিতে রায়ান রিকেলটন ৬.৪ ওভারে যোগ করেন ৬৩ রান। ১৯ বলে ২৪ রান করে রিকেলটন আউট হলে ব্যাটিংয়ে নামেন সূর্যকুমার যাদব।

আর তিনিও ফিরেছেন নিজের আইপিএল ২০২৫ মৌসুমের সেরা ইনিংস উপহার দিয়ে। 'স্কাই' খ্যাত এই ব্যাটার ৩০ বলে ৬ চার ও ৫ ছক্কায় খেলেছেন বিধ্বংসী ৬৮ রানের ইনিংস।

রোহিত-সূর্যকুমারের জোড়া ইনিংসে ভর করেই মুম্বাই পেয়ে যায় সহজ জয়। আর রোহিত প্রমাণ করে দিলেন—সমালোচনা নয়, ব্যাটই তার আসল উত্তর।

# পিএসএল থেকে এক বছরের জন্য নিষিদ্ধ কর্বিন বশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পাকিস্তান সুপার লিগ (পিএসএল) খেলতে চুক্তিবদ্ধ হয়েও ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) খেলার সিদ্ধান্ত নেওয়ায় দক্ষিণ আফ্রিকার পেস বোলিং অলরাউন্ডার কর্বিন বশকে এক বছরের জন্য নিষিদ্ধ করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

গত জানুয়ারিতে পিএসএলের 'ডায়মন্ড' ক্যাটাগরি থেকে কর্বিন বশকে দলে নেয় পেশোয়ার জালমি। তবে দক্ষিণ আফ্রিকার পেসার লিজাড উইলিয়ামস ইনজুরিতে পড়লে আইপিএলে মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে খেলার ডাক পান বশ। এরপরই তিনি পিএসএল থেকে নিজেকে সরিয়ে নেন।

বশের এই সিদ্ধান্তে ক্ষুব্ধ হয় পিসিবি। তাকে আইনি নোটিশ পাঠানোর পর এবার এক বিবৃতিতে জানানো হয়, তাকে ২০২৬ সালের ১১তম আসর পর্যন্ত পিএসএলে নিষিদ্ধ করা হয়েছে।

নিষেধাজ্ঞা মেনে নিয়ে কর্বিন বশ বলেছেন, 'আমি পিএসএল থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্তে গভীরভাবে অনুতপ্ত। পাকিস্তানের জনগণ, পেশোয়ার জালমির সমর্থক এবং পুরো ক্রিকেট সম্প্রদায়ের কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।' তিনি আরও যোগ করেন, 'আমি বুঝতে পারছি, আমার সিদ্ধান্ত অনেককে হতাশ করেছে। আমি আমার ভুল স্বীকার করছি এবং আর্থিক জরিমানা ও নিষেধাজ্ঞা মেনে নিচ্ছি। এটা আমার জন্য বড় শিক্ষা। ভবিষ্যতে নতুন উদ্যম নিয়ে পিএসএলে ফিরতে চাই।'

এদিকে আজ থেকে শুরু হয়েছে পিএসএলের দশম আসর।

# হেইডেনহাইমকে উড়িয়ে দিলো বায়ার্ন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



গত মৌসুমে হতাশাজনকভাবে হেইডেনহাইমের বিপক্ষে হারতে হয়েছিল বায়ার্ন মিউনিখকে। তবে এবার সেই স্মৃতি মুছে বড় জয়ে শোধ তুলল দলটি। বুন্দেসলিগার শনিবারের ম্যাচে অবনমন অঞ্চলের দল হেইডেনহাইমকে তাদের মাঠেই ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে বায়ার্ন।

ম্যাচের শুরু থেকেই দাপট দেখায় সফরকারীরা। দ্বাদশ মিনিটে গোলের সূচনা করেন ইংলিশ স্ট্রাইকার হ্যারি কেইন। সাত মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন কনরাড লাইমার, আর ৩৬তম মিনিটে তৃতীয় গোলটি করেন কিংসলে কোমান। প্রথমার্ধেই বড় লিড নিয়ে মাঠ ছাড়ে বায়ার্ন।

এই অর্ধেই আরও একটি গোল করার দারুণ সুযোগ পেয়েছিলেন কেইন, কিন্তু কাছ থেকে হেডে লক্ষ্যভ্রষ্ট হন তিনি। দ্বিতীয়ার্ধের একাদশ মিনিটে জসুয়া কিমিখ দলের হয়ে চতুর্থ গোলটি করে জয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন।

এই জয়ে ৩০ ম্যাচে ৭২ পয়েন্ট সংগ্রহ করে টেবিলের শীর্ষে অবস্থান করছে বায়ার্ন মিউনিখ। ২২তম জয় তুলে নিয়ে তারা এগিয়ে গেল রেকর্ড ৩৪তম লিগ শিরোপার পথে। দ্বিতীয় স্থানে থাকা বায়ার লেভারকুজেনের পয়েন্ট ৬৩, যদিও তারা একটি ম্যাচ কম খেলেছে।

গত বছরের হারের দুঃখ ভুলে এবার বড় জয় ও শিরোপার সুবাসে ভাসছে ভিনসেন্ট কোম্পানির দল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR